# এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের বাড়ি ভাড়া দ্বিগুণ

**নিজস্ব প্রতিবেদক**
০৯ জুলাই ২০২৬, ১২:০০ এএম




বেসরকারি স্কুল-কলেজের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জন্য বাড়ি ভাড়া ভাতা আরও সাড়ে ৭ শতাংশ বাড়িয়েছে সরকার। ফলে চলতি বছরের জুলাই থেকে তারা মূল বেতনের ১৫ শতাংশ হারে বাড়ি ভাড়া ভাতা পাবেন। তবে এ সুবিধার ক্ষেত্রে ন্যূনতম ভাতার পরিমাণ ২ হাজার টাকা অপরিবর্তিত থাকবে।

গতকাল বুধবার এ বিষয়ে বিজ্ঞপ্তি জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। মাউশির পরিচালক (অর্থ ও ক্রয়) প্রফেসর মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারী স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, বাজেটের সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা দুই ধাপে পুনর্নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগের ২০২৫ সালের ২১ অক্টোবরের অনুমোদনের আলোকে ২০২৫ সালের ১ নভেম্বর থেকে মূল বেতনের ৭ দশমিক ৫ শতাংশ

হারে (ন্যূনতম ২ হাজার টাকা) বাড়ি ভাড়া ভাতা কার্যকর করা হয়েছিল। এর ধারাবাহিকতায় ২০২৬ সালের ১ জুলাই থেকে ওই ৭ দশমিক ৫ শতাংশের সঙ্গে আরও ৭ দশমিক ৫ শতাংশ যোগ করে মোট ১৫ শতাংশ হারে বাড়ি ভাড়া ভাতা নির্ধারণ করা হয়েছে। মাউশি জানিয়েছে, বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধির এ সুবিধা কার্যকরের ক্ষেত্রে কয়েকটি শর্ত অনুসরণ করতে হবে। এর মধ্যে রয়েছেÑ ভবিষ্যতে নতুন বেতনস্কেল কার্যকর হলে এ অতিরিক্ত সুবিধা সমন্বয় করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট এমপিও নীতিমালা এবং সরকার যেসব প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশনা জারি করবে, সেগুলোর আলোকে নিয়োগের শর্ত পূরণ করতে হবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধির এ সিদ্ধান্তের জন্য এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা কোনো ধরনের বকেয়া অর্থ দাবি করতে পারবেন না। একই সঙ্গে ভাতা প্রদানের ক্ষেত্রে প্রচলিত সব আর্থিক বিধি-বিধান কঠোরভাবে অনুসরণ করতে হবে। এ ছাড়া ভবিষ্যতে বাড়ি ভাড়া ভাতা প্রদানে কোনো ধরনের আর্থিক অনিয়ম ধরা পড়লে বিল পরিশোধকারী কর্তৃপক্ষকে তার দায় বহন করতে হবে।